

ঢাকা ওয়াসা

- (১) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৪-২৫ইং অর্থবছরের সংশোধিত বাজেট বরাদ্দের কপি।
- (২) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত ক্রয় পরিকল্পনার কপি।
- (৩) দরের স্বপক্ষে পূর্বানুমোদিত দর ও ঢাকা ওয়াসা এবং পিডব্লিউডি রেন্ট সিডিউল দরের কপি।
- (৪) বাজার দরের কপি।
- (৫) দরের তুলনামূলক রিপোর্ট।
- (৬) প্রাক্কলন।
- (৭) কাজের ক্যালকুলেশন।
- (৮) প্রতিবেদন।

Subject: Supply of MS angle & necessary materials with related works for walkway of primary sedimentation tank-3 & 4 under PSTP.

১। সংযুক্ত ক্রমিক নং ০১ হতে ০৮ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে অর্থাৎ মড়স জোনগুলোতে ১৭টি সচল পয়ঃ উত্তোলন কেন্দ্র (এস.এল.এস) ও নারিন্দায় ১টি কেন্দ্রীয় পয়ঃ লিফটিং স্টেশন (সিপি.এস) রয়েছে। উক্ত এস.এল.এস গুলো সহ প্ল্যান্টের লিফট পাম্প, স্লাজ পাম্প, মেজারিং ডিস্ট্রিবিউশন চেম্বার, আউটফল পাম্প, ৯.০ কিঃ মিঃ অভ্যন্তরীণ ও ৪টি প্রধান পয়ঃ লাইনের যাবতীয় মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করে ঢাকা মহানগরবাসীকে সুস্বচ্ছভাবে পয়ঃ নিষ্কাশন সুবিধা প্রদান করা হচ্ছে। ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে স্থাপিত পয়ঃ উত্তোলন কেন্দ্র হয়ে পয়ঃ সমূহ ট্রাংক মেইনের মাধ্যমে নারিন্দা কেন্দ্রীয় পয়ঃ লিফটিং স্টেশনের ইনলেট চেম্বারে জমা হয়। যা পরবর্তিতে নারিন্দা লিফটিং পাম্পের মাধ্যমে পাম্পিং করে ট্রাংক মেইন হয়ে পয়ঃ সমূহ প্ল্যান্টের ইনলেট চেম্বারে জমা হয়। উক্ত পয়ঃ সমূহ লিফট পাম্পের মাধ্যমে পাম্পিং করে গ্রীড চেম্বারের মাধ্যমে ডিস্ট্রিবিউশন চেম্বারে আসে। উক্ত ডিস্ট্রিবিউশন চেম্বারে প্রাইমারী সেডিমেন্টেশন ট্যাংকের ৪টি ইনলেট গেট রয়েছে। উক্ত গেট গুলোর মাধ্যমে পয়ঃ সমূহ ৪টি প্রাইমারী সেডিমেন্টেশন ট্যাংকে প্রবেশ করে। প্রতিটি সেডিমেন্টেশন ট্যাংকে ১টি করে স্লাজ কালেক্টর রয়েছে। উক্ত স্লাজ কালেক্টর সেন্টার ড্রাইভেন অর্থাৎ গিয়ার মোটর সেটের মাধ্যমে সেডিমেন্টেশন ট্যাংকের চারদিকে ঘুরতে থাকে এবং পয়ঃ সমূহের বিদ্যমান স্লাজ সেডিমেন্টেশন ট্যাংকের তলানীতে জমতে থাকে। যা পরবর্তিতে স্লাজ পাম্পের মাধ্যমে স্লাজ লেগুনে পাম্পিং করা হয়। উক্ত সেডিমেন্টেশন ট্যাংকে ৬০-৭০% পয়ঃ পরিশোধিত হয়। সেই কারনে সেডিমেন্টেশন ট্যাংকের গিয়ার-মোটর সেট অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রাইমারী সেডিমেন্টেশন ট্যাংকের গিয়ার-মোটর সেট ট্যাংকের সেন্টার পয়েন্টে অবস্থিত। প্রতিনিয়ত সেডিমেন্টেশন ট্যাংকের গিয়ার-মোটর সেট পরিদর্শন, মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করতে হয়। প্রাইমারী সেডিমেন্টেশন ট্যাংকের গিয়ার-মোটর সেট পরিদর্শন, মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য প্রতিটি ট্যাংকের উপরে ১টি করে সিডি ও ওয়াকওয়ে রয়েছে। বিদ্যমান সিডি ও ওয়াকওয়ে প্ল্যান্টের শুরু অর্থাৎ ১৯৯০ সালে স্থাপন করা হয়েছিল। দীর্ঘদিন ধরে ব্যবহারে ফলে প্রাইমারী সেডিমেন্টেশন ট্যাংক-৪ এর সিডি ও ওয়াকওয়ে এম.এস. এঙ্গেল, চ্যানেল প্রভৃতি মরিচা পড়ে নষ্ট/ভেঙ্গে গিয়েছে। সেই কারনে প্রাইমারী সেডিমেন্টেশন ট্যাংক-৩ ও ৪ এর গিয়ারবক্স, মোটর প্রভৃতি মেরামত ও রক্ষণাবেক্ষণসহ ক্রিনিং কাজ ব্যাহত হচ্ছে। ফলে প্লান্ট অপারেশনে সমস্যা দেখা দিচ্ছে। সেই কারনে প্রাইমারী সেডিমেন্টেশন ট্যাংক-৩ ও ৪ এর সিডি ও ওয়াকওয়ের জন্য এম.এস এঙ্গেল, চ্যানেলসহ আনুষংগিক মালামাল ক্রয় ও স্থাপন করা প্রয়োজন।

১.১। সেই আলোকে পিডব্লিউডি-২০২২ এর রেইট সিডিউল, ঢাকা ওয়াসার রেইট সিডিউল, পূর্বানুমোদিত দর ও বর্তমান বাজার দরের ভিত্তিতে "Supply of MS angle & necessary materials with related works for walkway of primary sedimentation tank-3 & 4 under PSTP" শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ'ল। এতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ৯,৯৪,৪৬৬.০৯১ (নয় লক্ষ চুরানব্বই হাজার চারশত ছেষট্টি দশমিক শূন্য নয় এক) টাকা। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের সংশোধিত রাজস্ব বাজেট বরাদ্দের "পানিও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) " (কোড ০১-০৪-০১১) খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত সংশোধিত ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-২৩১ প্যাকেজ নং- RG57 এ অন্তর্ভুক্ত করা আছে।

১.২। আলোচ্য কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৬১(১) ধারা অনুসরণে উন্মুক্ত দরপত্র পদ্ধতি (ওটিএম) প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।


১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে "Supply of MS angle & necessary materials with related works for walkway of primary sedimentation tank-3 & 4 under PSTP" শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৬১(১) ধারা অনুসারে Open Tendering Method (OTM) এ দরপত্র আহবান এর অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক ৯,৯৪,৪৬৬.০৯১ (নয় লক্ষ চুরানব্বই হাজার চারশত ছেষট্টি দশমিক শূন্য নয় এক) টাকা প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।


গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৪-২৫ অর্থ বছরের বরাদ্দকৃত সংশোধিত রাজস্ব বাজেটের "পানিও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) " (কোড ০১-০৪-০১১) খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পানি ও পয়ঃশোধনাগার সার্কেল) মহোদয়ের অনুমোদনের আওতাধীন।

 SDE
18/05/25

মোঃ সাইফুল ইসলাম
উপ-বিভাগীয় প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

18.05.2025
মোঃ সাইফুল ইসলাম
উপ-বিভাগীয় প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


18/05/2025

মোঃ রাহাত শিকদার
নির্বাহী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

SE(WSTP)

০৪/ ১৮/০৫/২৫

XEN (PSTP)

18/05/25
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।

ইস্যু নং ৩২২/পয়ঃ শোধ
তারিখ ১৮/০৫/২৫